# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ ঃ ১০ জানুয়ারি, ২০০২

স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

সভাপতি ঃ কর্ণেল মোঃ সাইদুর রহমান, বিপি
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম এস খান (জি), বিএন -- সদস্য
অধিনায়ক
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন জামাল উদ্দিন আহমেদ, পিএসসি -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিাাস।

(৩) জনাব মোঃ আজিজ খান -- সদস্য
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা ক্যান্টনমেন্ট।

(৪) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ --- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

(৫) বেগম সেলিনা আখতার -- সদস্য
সহকারী কমিশনার ও ম্যাজিষ্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ২৯ অক্টোবর, ২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ২৯ অক্টোবর,২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো। ২৯ অক্টোবর, ২০০১ তারিখে বোর্ডসভার গৃহীত সিদ্ধান্ত নং-বিবিধ (২৬-চ)-এর আলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৫০ বছর পূর্তি উৎযাপনের বিষয়টি স্টেশন কমান্ডার মহোদয় আমেরিকা হতে প্রশিক্ষণ শেষ করে ফেরত আসার পর পুনরায় এব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

চলমান পৃষ্ঠা-২

প্রস্তাব নং-২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর-২০০১, নভেম্বর-২০০১ এবং ডিসেম্বর-২০০১ মাসের আয়-ব্যয় সম্পর্কিত হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর-২০০১, নভেম্বর-২০০১ এবং ডিসেম্বর-২০০১ মাসের আয়-ব্যয় সম্পর্কিত হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং- ৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর-২০০১ ও নভেম্বর-২০০১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর-২০০১ এবং নভেম্বর-২০০১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং- ৪ ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ০৮(আট) সেট কম্পিউটার ক্রয়ের নিমিত্তে ২য় সর্বনিম্ন দরদাতা পিসি মার্ট লিঃ, ৯৫, নতুন এলিফেন্ট রোড, ঢাকা প্রথম সর্বনিম্ন দরদাতার প্রদত্ত দর অর্থাৎ ৩,৪৪,১৫০/- (তিন লক্ষ চুয়াল্লিশ হাজার একশত পঞ্চাশ) টাকায় কম্পিউটারগুলি সরবরাহ করতে সম্মত থাকায় উক্ত সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদনকরণ। এ ব্যাপারে গত ০৯-১২-২০০১ তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ০৮(আট) সেট কম্পিউটার ক্রয়ের নিমিত্তে দ্বিতীয় সর্বনিম্ন দরদাতা পিসি মার্ট লিঃ, ৯৫ নতুন এ্যালিফেন্ট রোড, ঢাকা প্রথম সর্বনিম্ন দরদাতার প্রদত্ত দর অর্থাৎ ৩,৪৪,১৫০/- (তিন লক্ষ চুয়াল্লিশ হাজার একশত পঞ্চাশ) টাকায় কম্পিউটারগুলি সরবরাহ করতে সম্মত থাকায় উক্ত সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদন করা হলো এবং উক্ত ফার্মকে কার্যাদেশ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ৫ ঃ ঢাকা সেনানিবাসে বারিধারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা কর্তৃক নির্মিত ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল সেনাকর্তৃপক্ষের নিকট হস্তান্তরকরণ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২১-১১-২০০১ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪১৯/শা-৭/৫৯ নম্বর পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি অবহিত হওয়া গেল। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপরোক্ত পত্রের প্রেক্ষিতে স্কুলটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পরিচালনাধীন রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে বিদ্যালয়টি যেহেতু ক্যান্টনমেন্ট বোর্ডের পরিচালনাধীন অন্যান্য বিদ্যালয় হতে সম্পূর্ণ আলাদা ধরনের সেহেতু বিদ্যালয়টির ব্যবস্থাপনার ব্যাপারে সামরিক কর্তৃপক্ষের মতামত গ্রহণ করে এ ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং- ৬ ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের মালামাল সরবরাহের নিমিত্তে সর্বনিম্ন দরদাতা মেসার্স বি এম সার্জিক্যাল, দোকান নং-২৬, ১৫/২ তোপখানা রোড, বিএমএ ভবন, ঢাকা এর প্রদত্ত সর্বনিম্ন দরের উপর ১১.১৪% হ্রাস করে অর্থাৎ কার্যাদেশে হ্রাসকৃত মালামালের পরিমাণ অনুযায়ী মোট ৬,৬৫,১৭২/- (ছয় লক্ষ পঁয়ষট্টি হাজার একশত বাহাত্তর) টাকা এর উপর ৭৪,১০০/- (চুয়াত্তর হাজার একশত) টাকা হ্রাস করে উক্ত মালামাল সরবরাহ করতে সম্মত থাকায় সংশ্লিষ্ট ফার্মের সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদনকরণ। এ ব্যাপারে গত ১২-১২-২০০১ তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

চলমান পৃষ্ঠা-৩

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের মালামাল সরবরাহের নিমিত্তে সর্বনিম্ন দরদাতা মেসার্স বি এম সার্জিক্যাল, দোকান নং- ২৬, ১৫/২, তোপখানা রোড, বিএমএ ভবন, ঢাকা -এর প্রদত্ত দরের উপর ১১.১৪% হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং কার্যাদেশে বর্ণিত মালামালের পরিমাণ অনুযায়ী মোট ৬,৬৫,১৭২/- (ছয় লক্ষ পঁয়ষট্টি হাজার একশত বাহাত্তর) টাকার দর ঘটনোত্তর অনুমোদন করা হলো।

**প্রস্তাব নং-৭ ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ২টি এয়ারকুলার ক্রয়ের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪-১২-২০০১ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৪-৪/শা-৮/২৮ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪-১২-২০০১ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৪-৪/শা-৮/২৮ নং পত্রের উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ২টি এয়ারকুলার ক্রয়ের নিমিত্তে ৬৬,০০০/- (ছেষট্টি হাজার) টাকা ব্যয়ে সি এস ডি হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-৮ ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এবং বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহের নিম্নবর্ণিত শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের পেনশনের অনুকূলে প্রদত্ত অপশনপত্র অনুমোদনকরণ ঃ-

(১) মিসেস জান্নাতুল ফেরদৌসী, সহকারী শিক্ষিকা।
(২) মিসেস ফাতেমা কানিজ, জুনিয়র শিক্ষিকা।
(৩) জনাব মোঃ আব্দুল হান্নান হাওলাদার, নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক।
(৪) জনাব মোঃ দেলোয়ার হোসেন, হিসাব করণিক।
(৫) জনাব মোঃ আবুল হাসেম,
(৬) জনাব মোঃ মজির উদ্দিন, কঞ্জারভেন্সী সুপারভাইজার।
(৭) জনাব রফিক ,ট্যাক্স পিয়ন।
(৮) জনাব জনাব মোঃ কামাল হোসেন, ইলেকট্রিক লাইনম্যান (হেলপার)।
(৯) জনাব মোঃ দুলাল মিয়া, ঝাড়ুদার।
(১০) জনাব মোঃ আতামুদ্দিন, ঝাড়ুদার।
(১১) জনাব মোঃ ফজলু মিয়া, মালি।
(১২) জনাব মোঃ তোরাব আলী দেওয়ান, ঝাড়ুদার।
(১৩) জনাব মোঃ আবদুল হাই, ঝাড়ুদার।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এবং বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহের শিক্ষক/ শিক্ষিকা ও কর্মচারীদের প্রদত্ত অপশনপত্রসমূহ অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

চলমান পৃষ্ঠা-৪

প্রস্তাব নং- ৯ ঃ অত্র দপ্তরের কঞ্জারভেন্সী ও বৈদ্যুতিক শাখার নিম্নবর্ণিত গাড়ীগুলো ব্যবহারের অযোগ্য হওয়ায় নিলামে বিক্রির নিমিত্তে গত ১২-১১-২০০১ ইং তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত দরদাতাদের সর্বোচ্চ দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | অকেজো গাড়ীর বিবরণ | প্রাপ্ত দরপত্রের সংখ্যা | সর্বোচ্চ দরদাতার বিবরণ | সর্বোচ্চ দর |
|---|---|---|---|---|
| (১) | ঢাকা মেট্রো-ড-৩০৮৫ টয়োটা, ৩-টনী ট্রাক | ৪টি | গ্লাকসি ইন্টারন্যাশনাল ডিসিসি-১৩৭, উত্তর কাফরুল ঢাকা। | ১,৬৫,০০০/- টাকা |
| (২) | ট্রাক্টর নম্বর- ই/৫৪৩ | ০৯টি | মেসার্স তাবরীজ এন্ড সন্স ২৯/১, পাঁচভাই ঘাটলেন ধোলাইখাল, ঢাকা। | ৩,১৭,৫৭০/- টাকা |
| (৩) | পিকআপ ঢাকা ন- ১৫৪৫ | ০৩টি | গ্লাক্সী ইন্টারন্যাশনাল ডিসিসি ১৩৭,উত্তর কাফরুল, ঢাকা। | ৬৫,০০০/- টাকা |

গৃহীত সিদ্ধান্ত ঃ মেসার্স গ্লাকসি ইন্টারন্যাশনাল ডিসিসি, ১৩৭ উত্তর কাফরুল কর্তৃক ঢাকা মেট্রো -ড- ৩০৮৫ নং গাড়ীটি নিলামে ক্রয়ের নিমিত্তে ১,৬৫,০০০/- (এক লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা এবং মেসার্স তাবরীজ এন্ড সন্স, ২৯/১ পাঁচভাই ঘাটলেন, ধোলাইখাল, ঢাকা কর্তৃক ট্রাক্টর নম্বর ই/৫৪৩ নিলামে ক্রয়ের জন্য ৩,১৭,৫৭০/- (তিন লক্ষ সতের হাজার পাঁচশত সত্তর) টাকার সর্বোচ্চ দর অনুমোদন করা হলো। উহা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করা হোক। এছাড়া পিক-আপ ঢাকা ন-১৫৪৫ এর নিলাম ডাক যুক্তিযুক্ত না হওয়ায় উহা পুনরায় নিলাম দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ ঃ অত্র দপ্তরের ৪র্থ শ্রেণীর কর্মচারীদিগকে পোষাক প্রদানের নিমিত্তে গত ৩০-১০-২০০১ ইং তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে মোট ৭টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আজমিন এর প্রদত্ত ১,১৬,৩১০/- (এক লক্ষ ষোল হাজার তিনশত দশ ) টাকার দরপত্রটি সর্বনিম্ন হওয়ায় অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে উল্লেখ্য যে, মেসার্স গ্লাকসি ইন্টারন্যাশনাল কর্তৃক প্রদত্ত ২য় সর্বনিম্ন দর ১,২৬,০৩০/- (এক লক্ষ ছাব্বিশ হাজার ত্রিশ) টাকা এবং সংশ্লিষ্ট ফার্ম কর্তৃক প্রদত্ত কাপড়ের মান উন্নত দাবী করে গত ৩০-১১-২০০১ তারিখে একখানা আবেদনপত্র পেশ করে। উক্ত ফার্ম সর্বনিম্ন দরে পোশাক সরবরাহ করতে সম্মতি জানিয়েছে। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ অত্র দপ্তরের ৪র্থ শ্রেণীর কর্মচারীদিগকে পোষাক প্রদানের নিমিত্তে গত ৩০-১০-২০০১ ইং তারিখে ৭(সাত)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আজমিন কর্তৃক প্রদত্ত ১,১৬,৩১০/- ( এক লক্ষ ষোল হাজার তিনশত দশ) টাকার দরটি সর্বনিম্ন কিন্তু উক্ত ফার্ম কর্তৃক নমুনা হিসাবে যে কাপড় দিয়েছে তা খুব নিম্নমানের বিধায় উহা বিবেচনা করা গেল না। ২য় সর্বনিম্ন দর দাখিলকারী মেসার্স গ্লাকসি ইন্টারন্যাশনাল এর ২য় সর্বনিম্ন দর ১,২৬,০৩০/- (এক লক্ষ ছাব্বিশ হাজার ত্রিশ) টাকা এবং সংশ্লিষ্ট ফার্ম কর্তৃক নমুনা হিসাবে প্রদত্ত কাপড় উন্নত মানের বিধায় মেসার্স আজমিন এর প্রদত্ত দর ১,১৬,৩১০/- টাকায় মেসার্স গ্লাকসি ইন্টারন্যাশনাল কর্তৃক পোষাক সরবরাহ করতে ইচ্ছুক থাকলে তাকে কার্যাদেশ দেয়া যেতে পারে।

চলমান পৃষ্ঠা-৫

প্রস্তাব নং- ১১ ঃ ঢাকা সেনানিবাসের প্রধান সড়কের পার্শ্ব হতে কর্তনকৃত গাছের ডাল-পালা যা ৩০-১০-২০০১ ইং তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয়ের নিমিত্তে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত নিলাম ডাকে ১৭(সতের) জন ডাককারী অংশগ্রহণ করে। তন্মধ্যে জনাব মোঃ হিরু মিয়া, ২৯৪ ইব্রাহীমপুর, ঢাকা সেনানিবাস কর্তৃক সর্বোচ্চ ২১,১০০/- (একুশ হাজার একশত) টাকার ডাক প্রদান করে। উক্ত দর পিসিবি কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত হওয়ায় উহা ঘটনোত্তর অনুমোদনকরণ। এখানে উল্লেখ্য যে, উক্ত ডাল-পালার এম.আর.পি ছিল ১,৯০০/- (এক হাজার নয়শত) টাকা।

গৃহীত সিদ্ধান্ত ঃ মোঃ হিরু মিয়া, ২৯৪ ইব্রাহীমপুর, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ দর মোট ২১,১০০/- (একুশ হাজার একশত) টাকা ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং- ১২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | যে খাত হতে ব্যয় সংকুলান করা যাবে |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০ নং বাড়ীর দোতলার ছাদ মেরামতসহ রং চুনার কাজকরণ। | ৩০,২৫০/- | দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস | ২৩.০০% উর্ধ্বে | পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা ফান্ড হতে। |
| (২) | ঢাকা সেনানিবাসের স্বাধীনতা চত্বরের উত্তরপার্শ্বে ওয়াসা কর্তৃক খননকৃত রাস্তা মেরামতকরণ। | ৮০,৩০৯/- | মেসার্স মহি এন্ড ব্রাদার্স | ২৭.০০% উর্ধ্বে | ওয়াসা কর্তৃক জমাকৃত অর্থ হতে। |
| (৩) | ১০০টি স্থানান্তরযোগ্য রোড ডিভাইডার স্থাপনকরণ (সাইজ ০'-১১"×০'-২"×২'-০") | ২৫,০০০/- | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ২৫,০০০/- টাকা | রক্ষণাবেক্ষন খাত হতে। |
| (৪) | শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ল্যাবরেটরীর জন্য বুনসেন বার্নার সরবরাহ ও স্থাপনকরণ। | ১৯,৯৩৮/- | মেসার্স খান ট্রেডার্স | ১২.০০% উর্ধ্বে | রক্ষণাবেক্ষন খাত হতে। |
| (৫) | শহীদ মইনুল রোডের সড়ক দীপের অচল মার্কারী লাইট সচলকরণ। | ১৭,৪৯৫/- | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট | ২১.০০% উর্ধ্বে | রক্ষণাবেক্ষন খাত হতে। |
| (৬) | বীর উওম শহীদ আনোয়ার ক্রসিং যানবাহন সংকেতের একটি সমান্তরাল পোল উঠাইয়া পুনঃ স্থাপন করণ। | ১৫,২৩০/- | মাইক্রো ইলেকট্রোনিক্স লিমিটেড | ১৫,২৩০/-টাকা | রক্ষণাবেক্ষন খাত হতে। |
| (৭) | মহাখালী ডিওএইচএস এলাকার নিরাপত্তার জন্য বিএটিসি'র পূর্বকোণা পর্যন্ত সীমানা দেওয়াল নির্মাণ করণ। | (গ্রুপ-'ক') ৬,৮৬,৯৯৭.৫৪ | মেসার্স ফ্রেন্ডস কর্ণার | ৩২.০০% উর্ধ্বে | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |

চলমান পৃষ্ঠা-৬

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | যে খাত হতে ব্যয় সংকুলান করা যাবে |
|---|---|---|---|---|---|
| (৮) | মহাখালী ডিওএইচএস এলাকার নিরাপত্তার জন্য বিএটিসি'র পূর্বকোণা পর্যন্ত সীমানা দেওয়াল নির্মাণ করণ। | (গ্রুপ-'ঘ') ৬,৩১,৬৮৪.৯৯ | ময়নামতি ট্রেড ইন্টারন্যাশনাল | ৩২.৫০%উর্ধ্বে | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (৯) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ রোড নং-৭ এর দক্ষিণ পশ্চিম কোনে ৩য় শ্রেণীর কোয়ার্টার সীমানা দেওয়াল নির্মাণকরণ। | ৪,৭৪,২৯০/- | মেসার্স সেভেন সিরীজ এন্টারপ্রাইজ | ৩২.৫০%উর্ধ্বে | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকার শিশুপার্কের ভিতর ফুটপাতের পিসিসি ঢালাইকরণ। | ৩,৪৭,৩৩৩/- | মেসার্স সরদার ট্রেডার্স | ৩২.০৫% উর্ধ্বে | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (১১) | মানিকদীতে নবনির্মিত স্টাফ কোয়ার্টারের চতুর্দিকে বাউন্ডারী ওয়াল ও গেইট নির্মাণকরণ। | ১,৯৫,৯৮৩/- | মেসার্স ঢাকা কন্সট্রাকশন | ৩৩.০৫%উর্ধ্বে | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (১২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৩ নং সড়কের ক্যান্টঃ বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬/এ এর সীমানা দেওয়াল ও গেইট নির্মাণকরণ। | ১,৩০,৪৪৮/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৩৪.০০% উর্ধ্বে | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (১৩) | মুসলিম মডার্ণ একাডেমীর ২য় তলার টয়লেট সংস্কার/মেরামত/মোজাইককরণ। | ৬০,১৫০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ২৮.০০% উর্ধ্বে | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং হতে সিডিউল ১১ নং পর্যন্ত ৫টি স্পীড ব্রেকার ও নন-সিডিউল ৯টি সাইন পোস্টিং বোর্ড স্থাপনকরণ। | সিডিউল-৪০,৮০২/-<br>নন-সিডিউল-৬৫,০১৪/-<br>১,০৫,৮১৬/- | মেসার্স মনির এন্ড কোং | সিডিউল-২৮.০০%উর্ধ্বে ৫২,২২৬.৫৬<br>নন-সিডিউল ১,০৮,৮৬৭.১৫<br>১,৬১,০৯৩.৭১ | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (১৫) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজের কনসালটেন্ট ফি ও সয়েল টেস্ট। | (গ্রুপ-"গ" ১,০৪,৫৬৭/- টাকা)<br>৭৯,৫৬৭/- টাকা<br>পয়েন্ট = ৫টি ৫,০০০/- টাঃ হিঃ ২৫,০০০/- টাকা<br>মোট-১,০৪,৫৬৭/- টাঃ | ইউনিক কনসালটিং সার্ভিসেস। | ১.২৫% উর্ধ্বে প্রতি বোর পয়েন্ট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (১৬) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের স্টাফ কোয়ার্টারের সম্প্রসারণ কাজ। | ৫,৭২,২৭০/- | মেসার্স ইমেন এন্টারপ্রাইজ | ৩১.০০% উর্ধ্বে | অধিদপ্তর থেকে প্রাপ্ত অনুদান হতে। |
| (১৭) | মহাখালী ডিওএইচএস এলাকার সিএসডি'র সম্মুখে হার্ডস্ট্যান্ড নির্মাণ কাজ। | ৭৬,৬৮০/- | মেসার্স ইউনুছ এন্ড ব্রাদার্স | ৩৭.০০% উর্ধ্বে | সমাপনী জের হতে। |

চলমান পৃষ্ঠা-৭

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত অলোচনা হয়। আলোচনান্তে জানা যায় যে, বর্তমানে এমইএস -এ চলমান অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারন করা হয়েছে। ক্রমিক নং-১(এক) হতে ১৭(সতের)টি প্রকল্প/মেরামত কাজের সর্বনিম্ন ভেটিংকৃত দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। ক্রমিক নং ৩, ৪, ৫ ও ৬ এর ০৪(চার)টি প্রকল্প/মেরামত কাজের ব্যয় বোর্ডের রক্ষনাবেক্ষণ তহবিল হতে নির্বাহ করাসহ উহা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করা হবে বলে ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার সভাকে অবহিত করেন। অবশিষ্ট ক্রমিক নং ১, ২, ৭, ৮ , ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬ ও ১৭ = ১৩(তের)টি প্রকল্প/মেরামত কাজের সর্বনিম্ন দর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ব্যয়ের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হোক ঃ-

(১) ১৬% উর্ধ্ব দর অনুমোদিত।

(২) ২০% উর্ধ্ব অনুমোদিত।

(৩) ২৫, ০০০/- (পঁচিশ হাজার) টাকার দর অনুমাদিত।

(৪) ৮% উর্ধ্ব দর অনুমোদিত।

(৫) ১২% উর্ধ্ব দর অনুমোদিত।

(৬) ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকার দর অনুমোদিত।

(৭) ২৩% উর্ধ্ব দর অনুমোদিত।

(৮) ২৩% উর্ধ্ব দর অনুমোদিত।

(৯) ২৩% উর্ধ্ব দর অনুমোদিত।

(১০) ২৫% উর্ধ্ব দর অনুমোদিত।

(১১) ২৩% উর্ধ্ব দর অনুমোদিত।

(১২) ২৩% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৩) ১৬% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৪) ১৮% উর্ধ্ব দর এবং নন-সিডিউলে ৮৩,৯৭২/- (তিরাশি হাজার নয়শত বাহাত্তর) টাকার দর অনুমোদিত।

(১৫) প্রতি বোর পয়েন্ট সয়েল টেস্ট ৪,০০০/- (চার হাজার) টাকা হিসাবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং কনসালটেন্ট ফি বাবদ ৮০,০০০/- (আশি হাজার) টাকা সর্বমোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার দর অনুমোদিত।

(১৬) ২৩% উর্ধ্ব দর অনুমোদিত।

(১৭) ২২% উর্ধ্ব দর অনুমোদিত।

**প্রস্তাব নং- ১৩ ঃ** বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক শহীদ সরণিসহ ঢাকা সেনানিবাসের বিভিন্ন রাস্তা খনন করে ক্যাবল বিছানোর পর ক্ষতিগ্রস্থ রাস্তার জামানত হিসাবে ক্যান্টনমেন্ট বোর্ডে জমাকৃত ১০,৪৫,৩১৫/- (দশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত পনের) টাকা ফেরৎ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের ২৪ সেপ্টেম্বর, ২০০১ তারিখের পি২০০কেএল/১এলএন্ডডব্লিউ/২০০০-০১ নং পত্রটি উপস্থাপন করা হলো।

চলমান পৃষ্ঠা-৮

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে, বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক শহীদ সরণিসহ অন্যান্য রাস্তা খনন করে ক্যাবল বিছানোর নিমিত্তে রাস্তার ক্ষতিপূরণ বাবদ ৬৯,৬৮,৭৭২/- (উনসত্তর লক্ষ আষট্টি হাজার সাতশত বাহাত্তর) টাকা এবং জামানত বাবদ ১০,৪৫,৩১৫/- (দশলক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত পনের) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করা হয়েছে। ক্যাবল বিছানোর পর রাস্তা মেরামতের কাজও সম্পন্ন করা হয়েছে বিধায় জামানত বাবদ ১০,৪৫,৩১৫/- (দশলক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত পনের) টাকা ক্রসড্ চেকের মাধ্যমে বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডকে ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ১৪ ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের অকেজো মালামাল নিলামে বিক্রির জন্য প্রস্তুতকৃত ৭৮,৯০২/- (আটাত্তর হাজার নয়শত দুই) টাকার এমআরপি অনুমোদনসহ উক্ত মালামালের জন্য গত ৩০ অক্টোবর, ২০০১ তারিখে ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকার সর্বোচ্চ দরটি কম হওয়ায় পিসিবি কর্তৃক পুনঃনিলাম বিজ্ঞপ্তি আহবান করাকে ঘটনোত্তর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের অকেজো মালামাল নিলামে বিক্রয়ের জন্য প্রস্তুতকৃত ৭৮,৯০২/- (আটাত্তর হাজার নয়শত দুই) টাকার এম আর পি অনুমোদন করা হলো। সর্বোচ্চ নিলাম ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকার ডাকটি কম হওয়ায় পিসিবি কর্তৃক পুনঃনিলাম বিজ্ঞপ্তি আহবান করাকে ঘটনোত্তর অনুমোদন দেয়া হলো।

প্রস্তাব নং- ১৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণির মান্নান লাইনের নিকটবর্তী এমইএস স্টোরের বিপরীত দিকে রাস্তার পূর্বপার্শ্বে এবং গ্যারিসন সিনেমা হলের দক্ষিণপার্শ্বে গলফ ক্লাবের দেওয়াল সংলগ্ন স্থানে দুইটি যাত্রী ছাউনী নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। শহীদ সরণির মান্নান লাইনের নিকটবর্তী এমইএস স্টোরের বিপরীত দিকে রাস্তার পূর্বপার্শ্বে এবং গ্যারিসন সিনেমা হলের দক্ষিণপার্শ্বে গলফ ক্লাবের দেওয়াল সংলগ্ন স্থানে দুইটি যাত্রী ছাউনি নির্মাণের নিমিত্তে ৪,৪৩,১৪৯/- (চার লক্ষ তিতাল্লিশ হাজার একশত উনপঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট যাত্রী ছাউনি দুইটির সম্মুখের রাস্তাদ্বয় তৈরীর জন্য ৮,৭২,৪১৮/- (আট লক্ষ বাহাত্তর হাজার চারশত আঠার) টাকার মূল্যানুমানও সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। যাত্রী ছাউনি দুইটির কাজ যথাশীঘ্র শুরু করার জন্য বলা হলো। মূল্যানুমানটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং- ১৬ ঃ শহীদ সরণির রোডমার্কিং এর অতিরিক্ত কাজের জন্য বার্জার পেইন্ট বাংলাদেশ লিমিটেড হতে কোম্পানীর নির্ধারিত দরে রোডমার্কিং পেইন্ট ও থিনার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে শহীদ সরণির রোড মার্কিং -এর অতিরিক্ত কাজের জন্য বার্জার পেইন্ট বাংলাদেশ লিমিটেড হতে কোম্পানীর নির্ধারিত দরে ৬১,৫৮৮.০১(একষট্টি হাজার পাঁচশত অষ্টাশি টাকা এক পয়সা) টাকার রং ও থিনার ক্রয়ের অনুমোদন দেয়া হলো। উক্ত ব্যয় বোর্ডের সমাপনি জের হতে সংকুলান করা যেতে পারে।

চলমান পৃষ্ঠা-৯

**প্রস্তাব নং- ১৭ ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরৎ দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ। জামানত ফেরৎযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** জামানত ফেরৎযোগ্য কাজের তালিকার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের দায়িত্বে নিয়োজিত প্রকৌশলী ও ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার যৌথভাবে প্রকল্প/মেরামত কাজগুলি সমাপ্তির ১ (এক) বৃছর পর সম্পাদিত কাজগুলি গুনগত মানের দিক থেকে যথাযথ ও ত্রুটিমুক্ত আছে বলে মতামত ব্যক্ত করায় এবং পরিদর্শন কমিটির মাধ্যমে গৃহীত হওয়ায় ফেরৎযোগ্য নিম্নবর্ণিত ১৪(চৌদ্দ) টি কাজের জামানত ফেরৎ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | ফার্মের নাম |
|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসে বনানী কবরস্থানের নীচু জায়গায় মাটি ভরাট টয়লেট নির্মাণ প্রবেশ রাস্তার হার্ড স্ট্যান্ড ও সীমানা দেয়াল মেরামতকরণ। | মেসার্স কালাম ট্রেডার্স |
| ২। | বারিধারা ডিওএইচএস এলাকার ২য় রোডের পশ্চিমাংশ মেরামতকরণ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন। |
| ৩। | বারিধারা ডিওএইচএস এলাকার ২৮৯ নম্বর প্লটে মাটি ভরাটকরণ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন। |
| ৪। | ঢাকা সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের ভিতরে শব্দের প্রতিধ্বনি রোধ করতে বিদ্যমান ডোমের নীচে জিপসাম বোর্ড দ্বারা সিলিং তৈরী ও স্থাপনকরণ। | আর্কিটেক্ট এন্ড বিল্ডার্স। |
| ৫। | রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদের পূর্বপার্শ্বে সবজি বাজারে ড্রেনসহ পিসিসি রাস্তা নির্মাণ। | মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন। |
| ৬। | বারিধারা ডিওএইচএস এলাকার উত্তর ও দক্ষিণের লোহার গেইট তৈরী। | মেসার্স মুনির ট্রেডার্স। |
| ৭। | বারিধারা ডিওএইচএস এলাকার ২নম্বর লেন মেরামতকরণ। | মেসার্স বিএম ট্রেডার্স। |
| ৮। | বারিধারা ডিওএইচএস এলাকার ৩ নম্বর লেন মেরামতকরণ। | মেসার্স বিএম ট্রেডার্স। |
| ৯। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর দক্ষিণ পশ্চিম কোনায় ক্যান্টঃ বোর্ডের ৪(চার)টি ফ্ল্যাট নির্মাণ। | মেসার্স একে কনস্ট্রাকশন। |
| ১০। | সশস্ত্র দিবস ২০০০ উদযাপন উপলক্ষে শহীদ সরণির (শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেট পর্যন্ত) বিভিন্ন স্থানের ছোট-বড় গর্ত মেরামত ও কার্পেটিংকরণ। | দি এসোসিয়েটস। |
| ১১। | মহাখালী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড লেইন নং-১ (আংশিক) ৪, ১৯, ২২ প্লট নং-বি/১৩৭ হতে ৩২৬ এবং ১৯/বি এর পশ্চিম প্রান্তে মেরামতসহ সীলকোটকরণ। | মেসার্স কসমিক ইঞ্জিনিয়ার্স। |
| ১২। | বনানী ডিওএইচএস এলাকার কমিউনিটি সেন্টারের পশ্চিম পার্শ্বে মাঠের পশ্চিম প্রান্তে শিশু পার্কের খেলনার সামগ্রী স্থাপনকরণ। | মেসার্স এম আর এন্টারপ্রাইজ। |
| ১৩। | বনানী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোর্ডের দক্ষিণ প্রান্তের প্রবেশ পথের মুখে (সৈনিক ক্লাবের নিকট) গেইট নির্মাণকরণ। | মেসার্স কসমিক ইঞ্জিনিয়ার্স। |
| ১৪। | শহীদ জাহাঙ্গীর গেইটের আইল্যান্ড, মইনুল রোডের আইল্যান্ড, ট্রাফিক পোস্ট ডিভাইডার, স্টাফ রোডের পার্ক, শহীদ সরণির সকল সাইনবোর্ড ইত্যাদি রং করা ও লিখা। | মেসার্স পেয়ার আহাম্মদ এন্ড ব্রাদার্স। |

চলমান পৃষ্ঠা-১০

প্রস্তাব নং- ১৮ ঃ সিএমইএস(আর্মি) কর্তৃক ভেটিংকৃত এবং ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত প্রকল্পের সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান (এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী) | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| ১। | বারিধারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ণ রোডটি ৫-০" চওড়াকরণ। | ২৩,৭২,৯২৬/- টাকা | মেসার্স জামান এন্টারপ্রাইজ | ২৭.৮৭% উর্ধ্বে | ১৮% উর্ধ্বে |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোক্ত প্রকল্পের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। এমইএস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে প্রকল্পেটির সর্বনিম্ন দর নির্ধারণ করা হয়েছে। সিএমইএস(আর্মি) কর্তৃক ভেটিংকৃত এবং পিসিবি কর্তৃক অনুমোদিত সংশ্লিষ্ট কাজের নিম্নোক্ত দর সর্বসম্মতিক্রমে ঘটনোত্তর অনুমোদন করা হলোঃ-

(১) ১৮% উর্ধ্ব দর অনুমোদিত।

প্রস্তাব নং- ১৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | যে খাত হতে ব্যয় সংকুলান করা যাবে |
|---|---|---|---|
| (১) | বনানী ডিওএইচএস এলাকার ১০০/বি নং প্লটের সামনে আরসিসি পাইপ ড্রেনসহ রাস্তা নির্মাণকরণ। | ১,৬৪,৯৭৮.০০ টাকা | প্রাপ্ত উন্নয়ন চার্জ হতে। |
| (২) | ঢাকা সেনানিবাসস্থ বহুতল ভবন বনানী আশালতার সম্মুখে শিশুদের খেলা-ধুলার জন্য ১টি (ডবল) দোলনা ও ২টি সি-স স্থাপনকরণ। | ৪০,৬২১.০০ টাকা | রক্ষণাবেক্ষন খাত হতে। |
| (৩) | বারিধারা ডিওএইচএস এলাকার ৪৮৯/এ এবং ৪৯১ এর পিছনে বাউন্ডারী ওয়াল নির্মাণকরণ। | ১,০০,৩২৮.০০ টাকা | বারিধারা ডিওএইচএস -এর উন্নয়ন চার্জ হতে। |
| (৪) | বারিধারা ডিওএইচএস এলাকার বারিধারা সংযোগ সড়ক সংলগ্ন আরসিসি পাইপ ড্রেনের বাকি অংশ নির্মাণকরণ। | ২৫,৬২,০৪০.০০ টাকা | বারিধারা ডিওএইচএস -এর উন্নয়ন চার্জ হতে। |
| (৫) | বারিধারা ডিওএইচএস এলাকার ১৬নং লেইনের পশ্চিমাংশের আরসিসি পাইপ ড্রেন পুনঃস্থাপনকরণ। | ১,৪২,০০০.০০ টাকা | বারিধারা ডিওএইচএস -এর উন্নয়ন চার্জ হতে। |
| (৬) | বারিধারা ডিওএইচএস আবাসিক প্রকল্পের ৪৪৭/এ নং প্লটে মাটি ভরাটকরণ। | ৬৮,৬২২.০০ টাকা | প্রাপ্ত উন্নয়ন চার্জ হতে। |
| (৭) | বারিধারা ডিওএইচএস এলাকার পাকা ডাষ্টবিন নির্মাণকরণ। | ১৭,৩৮১.০০ টাকা | বারিধারা ডিওএইচএস -এর উন্নয়ন চার্জ হতে। |
| (৮) | বারিধারা ডিওএইচএস এলাকার ৫ নং হতে ১৩ নং লেইন পর্যন্ত ওয়াকওয়ে নির্মাণকরণ। | ১২,৮৪,৮০০.০০ টাকা | বারিধারা ডিওএইচএস -এর উন্নয়ন চার্জ হতে। |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নম্বর রোডের মেরামত/সংস্কার ও কার্পেটিংকরণ। | ৯৫,৪৭২.০০ টাকা | অধিদপ্তর হতে অনুদান প্রাপ্তি সাপেক্ষে। |
| (১০) | ঢাকা সেনানিবাসের কেন্দ্রীয় মসজিদের বাহির দিকে স্নোসেমকরণ (ডোম ও পিলারসহ)। | ৩৬,৩৫০.০০ টাকা | নৈমিত্তিক খাত হতে। |
| (১১) | হাজী মহসিন ক্রসিং যানবাহন সংকেতের ম্যানুয়েল সিস্টেম চালুকরণ। | ৪৫,২৬০.০০ টাকা | রক্ষণাবেক্ষন খাত হতে। |

চলমান পৃষ্ঠা-১১

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | যে খাত হতে ব্যয় সংকুলান করা যাবে |
|---|---|---|---|
| (১২) | ২০০১-২০০২ আর্থিক সালে নিরাত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বৈদ্যুতিক ফিটিংস ক্রয়করণ | ২,৫৫,০০০.০০ টাকা | রক্ষণাবেক্ষন খাত হতে। |
| (১৩) | পুরাতন এয়ার হেড কোয়ার্টারের দক্ষিণপার্শ্ব হতে ডিজিএমএস পর্যন্ত রাস্তা কার্পেটিং, সীলকোট ও পাইপ ড্রেন নির্মাণ। | ১২,৫৭,০০০.০০ টাকা | ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ড হতে। |
| (১৪) | শহীদ সরণি ও পুরাতন লগ এরিয়ার সামনে (বর্তমানে এমপি অফিস) আজিজপল্লীর সম্মুখে শিখা অনির্বাণ ও সেনাভবনের সম্মুখে ড্রেন, রাস্তা কার্পেটিং ও সীলকোটকরণ। | ৭,০১,৭৪০.০০ টাকা | ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ড হতে। |
| (১৫) | আর্মি হেড কোয়ার্টারের আউট গেইটের উত্তর হতে সেনাকুঞ্জের উত্তর গেইট পর্যন্ত রাস্তা কার্পেটিং ও সীলকোটকরণসহ টেনিস গ্রাউন্ডের নিকটবর্তী সাইড ওয়াল ফুটপাথ সোজাকরণ। | ১৩,৫৩,০০০.০০ টাকা | ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ড হতে। |
| (১৬) | রজনীগন্ধা সুপার মার্কেটের সবজি বাজারের ভিতরে ও বাহিরে রং-চুনাসহ আনুসাংগিক মেরামত কাজ। | ৪৯,৫৭৬.০০ টাকা | বাজারের রক্ষণাবেক্ষন খাত হতে। |
| (১৭) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জামে মসজিদের দোতলায়(উত্তর পার্শ্বে) বাথরুমসহ টয়লেট নির্মাণকরণ। | ৯১,৯৫৭.০০ টাকা | অধিদপ্তর হতে অনুদান প্রাপ্তি সাপেক্ষে। |
| (১৮) | ঢাকা সেনানিবাসস্থ বারিধারা ডিওএইচএস এলাকার মসজিদের সম্মুখস্থ পুকুর পাড়ের ওয়াকওয়ের নিরাপত্তা বাতি স্থাপনকরণ। | ২,৩৭,৮৩২.০০ টাকা | বারিধারা ডিওএইচএস -এর উন্নয়ন চার্জ হতে। |
| (১৯) | ৬০ নং বাড়ীর নিচতলা এবং উপর তলায় পানি সরবরাহের জন্য ২টি ১৮০০ (একহাজার আটশত) লিটার পানি ধারণ ক্ষমতা সম্পন্ন ফ্যারোসিমেন্ট ট্যাংক ও আনুষঙ্গিক ফিটিংস্ সরবরাহ এবং স্থাপনকরণ। | ২১,৮৫৪.০০ টাকা | পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনা ফান্ড হতে। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্রমিক নম্বর ১৭ এর প্রকল্পটি ব্যতীত বাকী ১৮(আঠার)টি প্রকল্প/ মেরামত কাজের মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। ক্রমিক নং- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১৩, ১৪, ১৫, ১৮ ও ১৯ = ১৪(চৌদ্দ)টি মূল্যানুমান সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হোক। ক্রমিক নং- ১০, ১১, ১২ ও ১৬ = ৪(চার)টি কাজের ব্যয়ভার বোর্ডের রক্ষণাবেক্ষন খাত হতে নির্বাহ করাসহ উক্ত ব্যয় চলতি আর্থিক সালের সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করা হবে বলে ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার সভাকে অবহিত করেন।

প্রস্তাব নং- ২০ ঃ ঢাকা সেনানিবাসের ডিওএইচএসসমূহ ও বর্ধিত এলাকা বাড়ী নির্মাণের ২৯টি নক্শা বিল্ডিং বাই-ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নক্শাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলো ঃ-

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | এয়ার কমোডর মোঃ মুরাদ হোসেন | ৫৩২/৪ | বারিধারা ডিওএইচএস | |
| (২) | কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা,পিএসসি | ৩৬৬/১০ | -ঐ- | |
| (৩) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ নাজিম উদ্দিন(অবঃ) | ৩৭৪ | -ঐ- | |
| (৪) | এয়ার কমোডর লুৎফুর রহমান | ৩৭২ | -ঐ- | |
| (৫) | গ্রুপ ক্যাপ্টেন গোলাম কুদ্দুছ চৌধুরী | ৩৭৩ | -ঐ- | |

চলমান পৃষ্ঠা-১২

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৬) | কর্ণেল মোঃ নূরুল ইসলাম, পিএসসি | ২৮৭ | -ঐ- | |
| (৭) | গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ মাহবুবুল হক,পিএসসি | ৫৪৬ | -ঐ- | সংশোধিত |
| (৮) | মেজর মফিজুল হক সরকার(অবঃ) | ৪৯০ | -ঐ- | -ঐ- |
| (৯) | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক | ৪৫৫ | -ঐ- | -ঐ- |
| (১০) | মিসেস গুলশান আরা মাহমুদ | ২০১ | -ঐ- | -ঐ- |
| (১১) | ব্রিগেডিয়ার জেনারেল ফখরুদ্দিন হায়দার,পিএসসি | ১৬৮ | -ঐ- | -ঐ- |
| (১২) | ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আবদুল মুবীন, পিএসসি | ১৬৬ | -ঐ- | -ঐ- |
| (১৩) | মেজর (অবঃ) একেএম আবু ইউসুফ খান | ৩৭৮ | -ঐ- | -ঐ- |
| (১৪) | লেঃ কমান্ডার মোঃ আলী আজম তালুকদার (অবঃ) | ৫৩১/২ | -ঐ- | -ঐ- |
| (১৫) | কমান্ডার (অবঃ) এমএ রউফ, বিএন | ১৯২/বি | মহাখালী ডিওএইচএস | |
| (১৬) | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহমুদুল হক | ৩৭৬/এ | -ঐ- | |
| (১৭) | (ক) মিসেস রুখসানা বেগম গং<br>(খ) মিসেস রেশমিন আখতার চৌধুরী গং<br>(গ) মিসেস রেনুকা বালা দেবনাথ গং | ৪৯৮ | -ঐ- | সংশোধিত |
| (১৮) | জনাব মোস্তফা কামাল উদ্দিন | ৫০৬/এ | -ঐ- | -ঐ- |
| (১৯) | মিসেস কামরুন্নাহার বেগ | ২৬৪ | -ঐ- | -ঐ- |
| (২০) | জনাব মোঃ খালেদ রশিদ<br>ও<br>জনাব মোঃ শহিদুল্লাহ | ৩২ | বনানী ডিওএইচএস | সংশোধিত |
| (২১) | মিসেস কানিজ রহমান | ২৯ | -ঐ- | |
| (২২) | মিসেস আছমা বেগম | ৯৯ | -ঐ- | |
| (২৩) | মেসার্স সামিট প্রপার্টিজ কোং লিঃ<br>প্রোঃ- জনাব মোঃ আজিজ খান | ৩০/এফ | ক্যান্টঃ বাজার এলাকা | সংশোধিত |
| (২৪) | মিসেস আফরোজ খাতুন গং | ১২৮(আংশিক) | লালাসরাই | |
| (২৫) | জনাব শেখ রুহুল আমিন গং | ১০৮ এবং<br>১২৬(আংশিক) | -ঐ- | সংশোধিত |
| (২৬) | জনাব মোঃ হাফিজ আহমদ ভূইয়া | ১৪১ (আংশিক) | -ঐ- | সংশোধিত |
| (২৭) | প্রধানমন্ত্রীর বাসভবন<br>(৬, শহীদ মঈনুল রোড, ঢাকা সেনানিবাস)<br>এসএসএফ এর ডিউটি রুম | | | |
| (২৮) | ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোং লিঃ | | | অভ্যন্তরে অফিস বিল্ডিং বর্ধিতকরণ |
| (২৯) | ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোং লিঃ | | | অভ্যন্তরে বয়লার হাউজ |

চলমান পৃষ্ঠা-১৩

গৃহীত সিদ্ধান্ত ঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৯/এ নং প্লটে নির্মিত বাড়ীর ১/এ নং ফ্ল্যাট মিসেস সুলতানা আফরোজ, স্বামী- জনাব ফয়জুর রহমান, ১/বি নং ফ্ল্যাট মিসেস শাহরিয়ার শারমিন, স্বামী- জনাব আরশাদ জামাল, ৩/এ নং ফ্ল্যাটটি জনাব ওয়াহিদ আহ্মেদ, পিতা- আহ্মেদ আলী মিয়া এর নিকট বিক্রয়/হস্তান্তর করার অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৯ নং প্লটে নির্মিত বাড়ীর ১/এ নম্বর ফ্ল্যাটটি মিসেস সুলতানা আফরোজ, স্বামী জনাব ফয়জুর রহমান, ১/বি নম্বর ফ্ল্যাটটি মিসেস শাহারিয়ার সারমিন, স্বামী-জনাব আরিশাদ জামাল, ৩/এ নম্বর ফ্ল্যাটটি জনাব ওয়াহিদ আহমেদ, পিতা-আহমেদন আলী মিয়া এর নিকট বিক্রয়/হস্তান্তরের বিষয়টি বোর্ডসভায় বিস্তারিত আলোচনান্তে ফ্ল্যাট হস্তান্তরের নীতিমালার ভিত্তিতে উক্ত ফ্ল্যাটগুলি হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ২২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লটের এ/৩ নং ফ্ল্যাট দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতার নামে নামজারীর ব্যাপারে ক্রেতা মেজর জেনারেল এ এস এম মতিউর রহমান এর ২৫-১১-২০০১ ইং তারিখের এবং বিক্রেতা (০১) কাজী সাদরুদ্দীন গওস (০২) কাজী নূরুদ্দীন সাহরিয়া (০৩) বেগম মাসুদা গওস (০৪) বেগম শাকিলা বাকের (০৫) বেগম শাহিলা কবির এর ২৫-১১-২০০১ ইং তারিখের আবেদন পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে বোর্ডের সকল পাওনাদী গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নম্বর প্লটে নির্মিত বাড়ীর এ/৩ নম্বর ফ্ল্যাটটি মেজর জেনারেল এ এস এম মতিউর রহমান, পিতা- মৃত লুৎফর রহমান, স্থায়ী ঠিকানা- গ্রাম ও পোস্ট - দক্ষিণ রায়পুর, থানা-রায়পুর, জেলা-লক্ষ্মীপুরের নিকট নামজারী করার ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ২৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মেয়াদকাল ০৩-০১-২০০২ ইং তারিখ ২(দুই) বৎসর পূর্তির পর হতে পরবর্তী ০২(দুই) বৎসরের জন্য মেয়াদ বৃদ্ধির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে তাঁর ১৮-১১-২০০১ ইং তারিখের আবেদন উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ সভায় বোর্ডের আইন উপদেষ্টা এডভোকেট মোঃ কবির হোসেন সিকদার এর আবেদনের উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে আইন উপদেষ্টার মেয়াদকাল ০৪-০১-২০০২ ইং তারিখ হতে পরবর্তী ৬(ছয়) মাসের জন্য বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ২৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা কর্তৃক দাখিলকৃত মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৩৮৪৫/৯৮ নং মামলার রায়ের সই মুহুরী নকল উত্তোলন এবং ২য় আদালতে ২৮৭/২০০১ নং মামলার আদেশের সই মুহুরী নকল উত্তোলন ও আনুষঙ্গিক আইনী খরচাদি বাবদ যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৬,৮০০/- (ছয় হাজার আটশত) টাকা, মোট ১১,৮০০/- (এগার হাজার আটশত) টাকার বিল পরিশোধের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার উত্থাপিত ০২(দুই)টি বিল উপস্থাপন করা হলো।

চলমান পৃষ্ঠা-১৪

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা কর্তৃক দাখিলকৃত বিলটির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে আইন উপদেষ্টার দাখিলকৃত ১১,৮০০/- (এগার হাজার আটশত) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ২৫ ঃ শহীদ সাত্তার মার্কেটের ২নং দোকানের ইজারা নবায়ন ১৭-১১-২০০১ ইং তারিখ হতে পরবর্তী ০১(এক) বৎসর মেয়াদে বৃদ্ধি করার ব্যাপারে ইজারা গ্রহিতার ২৪-১১-২০০১ ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে শহীদ সাত্তার মার্কেটের ২ নং দোকানের বকেয়া দোকান ভাড়া পরিশোধ সাপেক্ষে এবং বর্তমান ভাড়ার উপর ১০% ভাড়া বর্ধিত করতঃ ১৭-১১-২০০১ ইং হতে পরবর্তী ০১(এক) বৎসরের জন্য অস্থায়ীভাবে নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। এখানে উল্লেখ্য যে, প্রয়োজনে ১৫ দিনের নোটিশে দোকান ছেড়ে দিতে হবে।

প্রস্তাব নং-২৬ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের সি/২২৪ নং বন্ধ দোকানটি খুলিয়া দেওয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে ০৫-০১-২০০২ ইং তারিখে অত্র দপ্তরে অনুষ্ঠিত শুনানীর সিদ্ধান্ত ও জনাব এ কে এম মিজানুর রহমান -এর ২০-৫-২০০১ ইং তারিখের আবেদন উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা কর্তৃক উভয় পক্ষের স্বাক্ষীগণের উপস্থিতিতে শুনানী গ্রহণ করতঃ শুনানীর প্রতিবেদনসহ আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৭ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ডি/৮১-১ নং অস্থায়ী দোকানের ইজারা মেয়াদ নবায়ন ৩১-০১-২০০২ ইং হতে পরবর্তী ১(এক) বৎসর মেয়াদ বর্ধিত করার ব্যাপারে দোকান মালিক জনাব এম মনসুর আলীর ৩০-১২-২০০১ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে দোকানের বকেয়া ভাড়া আদায় সাপেক্ষে ০১-০২-২০০২ ইং হতে পরবর্তী ০১(এক) বৎসরের জন্য অস্থায়ীভাবে নবায়ন করা হলো। উল্লেখ্য যে, প্রয়োজনে ১৫দিনের নোটিশে দোকান ছেড়ে দিতে হবে।

প্রস্তাব নং- ২৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ডি/৮১-২ নং অস্থায়ী দোকানের ইজারা মেয়াদ নবায়ন ৩১-০১-২০০২ ইং হতে পরবর্তী ১(এক) বৎসর বৃদ্ধি করার ব্যাপারে দোকান মালিক জনাব এ এইচ এম শাহ্জাহান এর ২২-১২-২০০১ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে বকেয়া দোকান ভাড়া আদায় সাপেক্ষে ০১-০২-২০০২ ইং হতে পরবর্তী ০১(এক) বৎসরের জন্য অস্থায়ীভাবে নবায়ন করা হলো। উল্লেখ্য যে, প্রয়োজনে ১৫ দিনের নোটিশে দোকান ছেড়ে দিতে হবে।

চলমান পৃষ্ঠা-১৫

প্রস্তাব নং-২৯ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের১-১৩/১ নং অস্থায়ী দোকানের ইজারা মেয়াদ নবায়ন ০১-০১-২০০২ ইং হতে পরবর্তী ৩(তিন) বৎসরের জন্য মেয়াদ বৃদ্ধি করার ব্যাপারে দোকান মালিক জনাব মোঃ তাজুল ইসলামের ২৯-১২-২০০১ ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত দোকানের বকেয়া ভাড়া আদায় সাপেক্ষে ০১-০১-২০০২ ইং হতে পরবর্তী ০১(এক) বৎসরের জন্য অস্থায়ীভাবে নবায়ন করা হলো। উল্লেখ্য যে, প্রয়োজনে ১৫ দিনের নোটিশে দোকান ছেড়ে দিতে হবে।

প্রস্তাব নং- ৩০ ঃ ঢাকা সেনানিবাস কেন্দ্রীয় ঈদগাহ মাঠে ঈদ-উল-ফিতর এর জামাত অনুষ্ঠান উপলক্ষ্যে সংগৃহিত সরঞ্জামাদির প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে সর্বনিম্ন দরদাতা মেসার্স সাগর ডেকোরেটর, ৫৭ নং রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক দাখিলকৃত বিছানাসহ (১৮০×১৩০) = ২৩,৪০০.০০ বর্গফুট, প্রতি বর্গফুট ১.৫০ টাকা হিসাবে = ৩৫,১০০/= টাকা এবং ২(দুই) টি গেইট নির্মাণ প্রতিটি ১,০০০/= টাকা হিসাবে ২,০০০/= টাকাসহ সর্বমোট ৩৭,১০০/= (সাইত্রিশ হাজার একশত) টাকার বিল অনুমোদনকরণ। এ প্রসংগে পি সি বি মহোদয় কর্তৃক অনুমোদিত মিনিটশীট উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে মেসার্স সাগর ডেকরেটর কর্তৃক প্রদত্ত প্রতি বর্গফুট ম্যাটসহ বিছানার জন্য ১.৫০ টাকা হিসাবে (১৮০´×১৩০´×১.৫০) = ৩৫,১০০/- টাকা এবং ২টি গেইট প্রতিটি ১০০০/- টাকা হিসাবে ২,০০০/- টাকা অর্থাৎ সর্বমোট ৩৭,১০০/- টাকা দর সর্বনিম্ন বিবেচিত হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

প্রস্তাব নং- ৩১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বিএন/২ নং ফ্ল্যাটটি মেজর সৈয়দ কাপুয়া (অবঃ) এবং ফারজানা মুন্না, পিতা/ স্বামী- মৃত সৈয়দ আক্তার জাহান/মেজর সৈয়দ কাপুয়া(অবঃ), ৫৭/এ আজিমপুর কলোনী, ঢাকা এবং এ/৫ নং ফ্ল্যাট মিসেস সুলতানা রহমান, স্বামী- জনাব মুস্তাফিজুর রহমান, বাড়ী নং-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট -এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র ও আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নম্বর প্লটে নির্মিত বাড়ীর এ/৫ নং ফ্ল্যাটটি মিসেস সুলতানা রহমান, স্বামী জনাব মোস্তাফিজুর রহমানের নামে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হলো এবং বিএন/২ নম্বর ফ্ল্যাটটির ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরকে একটি সুস্পষ্ট মতামত/ছাড়পত্র প্রদানের জন্য পুনরায় পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ৩২ ঃ মেসার্স তরুকুঞ্জ নার্সারীর ইজারা মেয়াদ ৩১-১২-২০০২ ইং পর্যন্ত বর্ধিত করণের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে নার্সারী মালিকের ১৫-৪-২০০১ ইং তারিখের আবেদন এবং ১২-৬-২০০১ ইং তারিখের বোর্ড সিদ্ধান্তসহ ২৫-৭-২০০১ ইং তারিখের সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৩৯১৭/৬/ঢাকা-২/এমকিউ-২ নং পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনান্তে মেসার্স তরুকুঞ্জ নার্সারীর পূর্ববর্তী ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং ১,০৫,০০০/- টাকার ইজার উপর ২৫% বর্ধিত করে ০১-০৭-২০০১ ইং হতে ৩১-১২-২০০২ ইং পর্যন্ত ইজারা নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পৃষ্ঠা-১৬

প্রস্তাব নং- ৩৩ ঃ বিবিধ।

(ক) মহাখালী ডি ও এইচ এস এলাকা সংলগ্ন বৃটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কর্তৃক একটি অটো টেলার মেশিন স্থাপন সংক্রান্ত বিষয়ে প্রেসিডেন্ট, ডি ও এইচ এস মহাখালী কমিটি কর্তৃক ০৩/১/২০০২ তারিখের ৩৬৬/ ডিওএইচএস (ও) নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন । এ ব্যাপারে উক্ত পত্র সভায় উপস্থাপন করা হলো ।

(খ) ঢাকা সেনানিবাসস্থ বনানী, মহাখালী, বারিধারা ডিওএইচএস এবং ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ক্যাবল ডিস এন্টিনা/ইন্টারনেট স্থাপনের নীতিমালা অনুমোদনকরণ। এ ব্যাপারে নিম্নোক্ত নীতিমালা উপস্থাপন করা হলো ঃ-

ঢাকা সেনানিবাসস্থ বনানী,মহাখালী,বারিধারা ডি ও এইচ এস এবং ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ক্যাবল ডিস এন্টেনা / ইন্টারনেট স্থাপনের নীতিমালা।

(১) ঢাকা সেনানিবাসের আওতাধীন সকল ডি ও এইচ এস এবং ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাসমূহের জন্য এ নীতিমালা প্রযোজ্য।

(২) প্রকৃত ব্যবসা/পরিচালনাকারী মালিক/কর্তৃপক্ষ ব্যবসায়ের বিষদ বিবরণসহ ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড , ঢাকা ক্যান্টনমেন্টের অনুকূলে ট্রেড লাইসেন্সের জন্য আবেদন করতে হবে।

(৩) আবেদনকারীকে সংশ্লিষ্ট ডি ও এইচ এস এসোসিয়েশনের নিকট হতে আবেদনের স্বপক্ষে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(৪) ডি ও এইচ এস এসোসিয়েশন ছাড়পত্র সম্বলিত আবেদনপত্র ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

(৫) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাইয়ান্তে ডি জি এফ আই এর ছাড়পত্রের জন্যে প্রেরণ করবে।

(৬) জি জি এফ আই এর ছাড়পত্র প্রাপ্তি স্বপক্ষে যে কোন আবেদনপত্র বোর্ড সভার অনুমোদনের জন্যে পেশ করতে হবে।

(৭) আবেদনকারীকে সেবাদান সংক্রান্ত সকল বিষয়াদি আবেদনে উল্লেখ করতে হবে। আবেদনকারী কর্তৃক অথবা তাঁর মনোনিত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক খারাপ আচার-আচরন করা হবে না, সেবাদানকালে আবাসিক এলাকাস্থ বাড়ীর মালিকদের অথবা সরকারী কোন সম্পদের কোন প্রকার ক্ষতি সাধিত হবে না ইত্যাদি উল্লেখ করে ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ষ্ট্যাম্পে ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।

(৮) ব্যবসায়ী প্রতিষ্ঠান কি হারে গ্রাহকদের নিকট হতে সংযোজন ফি এবং মাসিক কি আদায় করবে উহা সংশ্লিষ্ট ডিওএইচএস এসোসিয়েশনের সহিত আলোচনা করে নির্ধারণ করবে। এছাড়া ডিওএইচএস এসোসিয়েশনসমূহের মতামত সম্বলিত সনদপত্র গ্রহণ স্বপেক্ষে বোর্ড সভার অনুমোদন গ্রহণ করে উপরোক্ত ফিস হ্রাস / বৃদ্ধি করতে পারবে।

চলমান পৃষ্ঠা-১৭

(৯) কোন সেবাদান প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট ডি ও এইচ এস এসোসিয়েশন অথবা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা হতে ক্যান্টনমেন্ট বোর্ডে অভিযোগ উত্থাপিত হলে উহা বোর্ড সভায় উপস্থাপনপূর্বক প্রতিষ্ঠানের বিরুদ্ধে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করা বোর্ডের এখতিয়ারধীন।

(১০) ব্যবসায়ী প্রতিষ্ঠানকে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্ধারিত ট্রেড লাইসেন্স ফি ছাড়াও ব্যবসা চলাকালীন সময়ে প্রতিমাসে নিম্নোক্ত হারে সংযোজন ফি প্রদান করতে হবে ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সংযোজন সংখ্যা ৫০ পর্যন্ত | -- | ৫০০.০০ টাকা |
| (২) | সংযোজন সংখ্যা ৫১ হতে ৭৫ পর্যন্ত | -- | ৭৫০.০০ টাকা |
| (৩) | সংযোজন সংখ্যা ৭৬ হতে ১০০ পর্যন্ত | -- | ১০০০.০০ টাকা |
| (৪) | সংযোজন সংখ্যা ১০১ হতে ১২৫ পর্যন্ত | -- | ১,২৫০.০০ টাকা |
| (৫) | সংযোজন সংখ্যা ১২৬ হতে ১৫০ পর্যন্ত | -- | ১,৫০০.০০ টাকা |
| (৬) | সংযোজন সংখ্যা ১৫১ হতে ১৭৫ পর্যন্ত | -- | ১,৭৫০.০০ টাকা |
| (৭) | সংযোজন সংখ্যা ১৭৬ হতে ২০০ পর্যন্ত | -- | ২,০০০.০০ টাকা |

কোন ব্যবসায়ী প্রতিষ্ঠান ব্যবসা বন্ধ করতে চাইলে ডিওএইচএস এসোসিয়েশন প্রত্যয়নপত্রসহ লিখিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করতে হবে।

(১১) আবেদনকারীর আবেদন গৃহীত হওয়ার পর ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অনুকূলে প্রতিরক্ষা সঞ্চয়পত্র / এফ ডি আর আকারে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নিরাপত্তা জমানত হিসেবে জমা দিতে হবে ।

(১২) সেবাদান প্রতিষ্ঠানের অফিস ডি ও এইচ এস অথবা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় থাকতে হবে। এছাড়াও সেনানিবাস এলাকায় কোন প্রকার স্থাপনা নির্মান করা যাবে না।

(১৩) সেবাদান প্রতিষ্ঠানসমূহের সার্ভিস প্রদানের জন্যে প্রয়োজনীয় জনবল এবং টেলিফোন থাকতে হবে।

(গ) রজনীগন্ধা সুপার মার্কেট হতে ০৬-০১-২০০২ ইং তারিখে জব্দকৃত কাঁচামাল তাৎক্ষনিকভাবে নিলামে বিক্রয় করা হয়। উক্ত বিষয়টি ঘটনোত্তর অনুমোদনকরণ।

(ঘ) শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান এনালগ টেলিফোনটি প্রায়শঃ খারাপ থাকার কারনে বিদ্যালয়ের অধ্যক্ষ কর্তৃক উক্ত বিদ্যালয়ে একটি ডিজিটাল টেলিফোন স্থাপনের ব্যাপারে ০৫-১-২০০২ ইং তারিখে একখানা আবেদনপত্র পেশ করেন। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ এর নিমিত্তে উক্ত আবেদনপত্র সভায় উপস্থাপন করা হলো ।

(ঙ) অত্র দপ্তর কর্তৃক বিভিন্ন ধরণের দ্রব্যাদি নিলামে বিক্রয়ের পূর্বে এম আর পি নির্ধারণের নিমিত্তে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমম্বয়ে একটি স্থায়ী এম আর পি নির্ধারণ কমিটি গঠন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার | --- | আহবায়ক |
| (২) | সিনিয়র কঞ্জারভেন্সী অফিসার | -- | সদস্য |
| (৩) | ট্যাক্স সুপারিনটেনডেন্ট | -- | সদস্য-সচিব |

চলমান পৃষ্ঠা-১৮

(চ) অত্র দপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের দ্রব্যাদি/মালামাল নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি স্থায়ী নিলাম কমিটি গঠন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | রেভিনিউ অফিসার | -- | আহবায়ক |
| (২) | সিনিয়র কঞ্জারভেন্সী অফিসার | -- | সদস্য |
| (৩) | উপ-সহকারী প্রকৌশলী | -- | সদস্য |
| (৪) | হিসাব রক্ষক | -- | সদস্য |
| (৫) | স্টোর অফিসার | -- | সদস্য-সচিব |

(ছ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে কঞ্জারভেন্সী অফিসারের অতিরিক্ত একটি নতুন পদ সৃষ্টিকরণের বিষয় ঘটনোত্তর অনুমোদনকরণ। এ ব্যাপারে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩-০১-২০০২ ইং তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

(জ) প্রকৌশল শাখার বিবিধ ঃ-

(১) বারিধারা ডিওএইচএস এলাকার সিকিউরিটি গার্ডদেরজন্য ব্যারাক নির্মাণের মূল্যানুমান---------------------------------------------- ১৫,০০,০০০/- টাকা।

(২) বারিধারা ডিওএইচএস এলাকার উত্তর পার্শ্বস্থ সীমানা দেয়াল পশ্চিম দিকে বর্ধিতকরণের মূল্যানুমান ------------------------------------- ২,০০,০৭৮/- টাকা।

(৩) বারিধারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোডের একপার্শ্বে ফুটপাত নির্মাণকরণের মূল্যানুমান --------------------------------- ৩৫,০০,৫৩৪/- টাকা।

(৪) ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বোর্ড রুমের বাথরুম সংস্কার ও মেরামত কাজের মূল্যানুমান ----------------------------------- ২৩,৪৭১/- টাকা।

(৫) ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পের দরপত্রে এমইএস ও গণপূর্ত বিভাগের ঠিকাদারদের অংশগ্রহণ প্রসংগে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত।

(৬) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ছোট-খাট মেরামত কাজ জরুরী ভিত্তিতে সম্পন্নের লক্ষ্যে বিল্ডিং ও রোড ম্যাটারিয়ালস ক্রয়করণ প্রসংগে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত।

(৭) শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে রোড মার্কিংকরণের সংশোধিত মূল্যানুমান অনুমোদনকরণ।

(৮) উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশে শহীদ সরণিস্থ বিএনএস হাজী মহসিন-এর সম্মুখে ব্রিজ বোর্ড অপসারনপূর্বক পুরাতন মালামাল ক্যান্টনমেন্ট বোর্ডে জমাকরণ প্রসংগে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত।

চলমান পৃষ্ঠা-১৯

(৯) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | যে খাত হতে ব্যয় সংকুলান করা হবে |
|---|---|---|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এলাকার লেকের উত্তর পার্শ্বে রিটেইনিং ওয়াল নির্মাণ। | ৫২,৬৫,০৫৫/- টাকা | মেসার্স বেংগল ইঞ্জিঃ কনস্ট্রাকশন ইউনিট | ৩২.৫০% উর্ধ্বে | মৌলিক নির্মাণ কাজের জন্য প্রাপ্ত অনুদান হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ২। | শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে ক্যান্টঃ বোর্ড পর্যন্ত রাস্তার পূর্বপার্শ্বের নিরাপত্তার বাতির লাইন -এ তার বদলীকরণ। | ১,০০,০০০/- টাকা | দি ইউনিক ইঞ্জিঃ ওয়ার্কস | ১৯.৭৫% উর্ধ্বে | মৌলিক নির্মাণ কাজের জন্য প্রাপ্ত অনুদান হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ৩। | শহীদ সরণিস্থ সেনাভবনের সম্মুখে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য সিগন্যাল বাতি স্থাপনকরণ। | ৮৯,৩৮০/- টাকা | মেসার্স মাইক্রো ইলেক্ট্রনিক্স লিমিটেড | ৯০,০০০/- টাকা | মৌলিক নির্মাণ কাজের জন্য প্রাপ্ত অনুদান হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ৪। | ঢাকা সেনানিবাসের বারিধারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোড ও উত্তর দিকের প্রবেশ রাস্তার ছোট-বড় গর্ত মেরামত ও কার্পেটিংকরণ। | ৩৫,৮১৪/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ২৩.৮০% উর্ধ্বে | বারিধারা ডিওএইচএস এলাকার উন্নয়ন চার্জ হতে সংকুলান করা হবে। |

(১০) ৩১ অক্টোবর, ২০০১ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৩২তম সভার কার্যবিবরণী অবহিত হওয়া এবং এতদ্বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের ব্যাপারে বিস্তারিত আলোচনা।

(১১) মহাখালী ডিওএইচএস এলাকার লেকের দক্ষিণ ও পূর্বাংশে রিটেইনিং ওয়াল ও ওয়াকওয়ে(ফুটপাত) নির্মাণের সংশোধিত মূল্যানুমান প্রসংগে বিস্তারিত আলোচনা।

(ঝ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলা সেনানিবাসের আন্তঃ ক্রীড়া প্রতিযোগিতা ২০০২ ইং -এর ক্রীড়ানুষ্ঠানের যাবতীয় ব্যয় বাবদ মোট ১০,০০০/- (দশ হাজার)টাকা অনুদান দেয়ার বিষয়ে অনুমোদনকরণ।

(ঞ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালনাধীন বিভিন্ন বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের বেতন বৃদ্ধি অবলোকনকরণ। এ ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৮-১১-২০০১ ইং তারিখের ১৬/এমএলএন্ডসি/ইডিএন/ ৭-৫/শা-৭/৫৫ নং পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিবিধ-৩৩।

(ক) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জানা যায় যে, উক্ত অটোমেটিক টেলার মেশিন স্থাপনের জন্য বিএটিসি গত ০৫-০২-২০০১ ইং তারিখে আবেদন করে। আবেদনপত্রটি গত ২২-০৩-২০০১ ইং তারিখের বোর্ড সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভার গৃহীত সিদ্ধান্ত নম্বর ৪৮ অনুযায়ী সিএমইএস (আর্মি) কর্তৃক সংশ্লিষ্ট এটিএম বুথের নকশা ভেটিং করার পর পুনরায় বিষয়টি গত

চলমান পৃষ্ঠা-২০

১০-৭-২০০১ ইং তারিখের বোর্ডসভায় উপস্থাপন করা হয়। বোর্ডসভার ৪ নম্বর সিদ্ধান্তমূলে নকশায় প্রদর্শিত স্থান পরিবর্তনপূর্বক ২৯ নং লেইন বরাবর এটিএম বুথ স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তদানুযায়ী [illegible] দপ্তরের পত্র নং ঢাক্যাবো/এলএ/৫৫/৪/১৯১, তারিখ ঃ ২৬-০৭-২০০১ ইং এর মাধ্যমে উক্ত বুথের যাবতীয় নকশা অনুমোদন করা হয়েছে। বিষয়টি প্রেসিডেন্ট, মহাখালী ডিওএইচএস এসোসিয়েশনকে অবহিত করা হোক।

(খ) ঢাকা সেনানিবাসস্থ বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ক্যাবল ডিস এন্টিনা/ইন্টারনেট স্থাপনের উপরোক্ত নীতিমালা ও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রস্তাবিত মাসিক ফিস সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

(গ) রজনীগন্ধা সুপার মার্কেট হতে ০৬-০১-২০০২ ইং তারিখে [illegible] নিকট হতে [illegible] নিলাম ঘটনোত্তর অনুমোদন করা হলো।

(ঘ) বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান এনালগ টেলিফোনটি ডিজিটাল টেলিফোনে রূপান্তরের ব্যাপারে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করা হোক।

(ঙ) অনুমোদন করা হলো।

(চ) অনুমোদন করা হলো।

(ছ) ঘটনোত্তর অনুমোদন করা হলো।

(জ) (১) মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রধান প্রেরণ করা হোক। উক্ত ব্যয় বারিধারা ডিওএইচএস -এর উন্নয়ন চার্জ হতে সংকুলান করা যাবে এবং উহা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করা হবে।

(২) মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রধান প্রেরণ করা হোক। উক্ত ব্যয় সংশ্লিষ্ট এলাকার উন্নয়ন চার্জ হতে সংকুলান করা যাবে এবং উহা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করা হবে।

(৩) মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রধান প্রেরণ করা হোক। সংশ্লিষ্ট এলাকার উন্নয়ন চার্জ হতে ব্যয় সংকুলান করা যাবে এবং উহা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করা হবে।

(৪) মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত ব্যয় রক্ষণাবেক্ষন খাত হতে সংকুলান করার অনুমোদন দেয়া হলো।

(৫) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার অধিক মূল্যানুমানের প্রকল্প কাজের জন্য এমইএস ও গণপূর্ত বিভাগের প্রথম শ্রেণীর ঠিকাদারদের দরপত্রে অংশগ্রহণের সুযোগ দেয়া হয়। গত ৩০ ডিসেম্বর, ২০০১ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডের কতিপয় ঠিকাদার আবেদন করেন যে, এমইএস ও গণপূর্ত বিভাগের কোন কাজে ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদারগণের দরপত্রে অংশগ্রহণের সুযোগ নেই। উপরন্তু ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদারগণ ক্যান্টনমেন্ট বোর্ডে নিয়মিত লাইসেন্স নবায়ন ফি জমা দিয়ে থাকেন। এতদ্ব্যতীত ক্যান্টনমেন্ট [illegible] কোন ঠিকাদারকে সকল ক্যান্টনমেন্ট বোর্ডে কাজ করার সুযোগ রয়েছে এবং শুধুমাত্র ঢাকা ক্যান্টনমেন্ট

চলমান পৃষ্ঠা-২১

বোর্ডেই প্রায় দুইশত ঠিকাদার রয়েছে। বিশদ আলোচনার পর এমইএস ও গণপূর্ত বিভাগের মত ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকল্প কাজের দরত্রের জন্য শুধুমাত্র ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদারবৃন্দকে অংশগ্রহণের সুযোগ দানের সিদ্ধান্ত গৃহীত হলো তবে কনসালটেন্ট নিয়োগসহ বিশেষ বিশেষ ক্ষেত্রে কাজের গুরুত্ব অনুসারে বোর্ডসভার সিদ্ধান্তক্রমে বাহিরের যে কোন প্রতিষ্ঠান/সংস্থা/ ব্যবসায়ীকে দরপত্রে অংশগ্রহণের সুযোগ দান করা যেতে পারে বলে সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

(৬) বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ছোট-খাট মেরামত কাজ জরুরী ভিত্তিতে সম্পাদনের লক্ষ্যে বিল্ডিং ও রোড ম্যাটারিয়ালস্ ক্রয়ের জন্য ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত মালামাল দ্বারা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সার্বিক সহায়তায় প্রয়োজনবোধে দৈনিক মজুর নিয়োগের মাধ্যমে ছোট-খাট মেরামত কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। সংশ্লিষ্ট কাজের ব্যয় মেরামত খাত হতে সংকুলান করার অনুমোদন দেয়া হলো।

(৭) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে শহীদ সরণিসহ অন্যান্য রোডে বিআরটি -এর রোড মার্কিং সংক্রান্ত নিয়মনীতির আলোকে ট্রাফিক সাইন ও মার্কিং এর ব্যবস্থাকে সঠিক বলে সভায় একমত পোষন করা হয়। এ কাজের জন্য ২,৩৫,৫৮৪/- (দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত চুরাশি) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত ব্যয় রক্ষণাবেক্ষন খাত হতে সংকুলান করা যেতে পারে।

(৮) বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কাজের জন্য সর্বমোট ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকার বিলটি ঘটনোত্তর অনুমোদন করা হলো। উক্ত ব্যয় রক্ষণাবেক্ষন খাত হতে সংকুলান করা যেতে পারে।

(৯) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে যানা যায় যে, বর্তমানে এমইএস -এর চলমান অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারন করা হয়েছে। নিম্নে বর্ণিত ০৪(চার)টি কাজের ভেটিংকৃত দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো ঃ-

(১) ২৭% উর্ধ্ব দর অনুমোদিত।

(২) ১২% উর্ধ্ব দর অনুমোদিত।

(৩) ৮৯,৩০০/- (ঊননব্বই হাজার তিনশত) টাকা দর অনুমোদিত।

(৪) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

সংশ্লিষ্ট ঠিকাদার বোর্ডসভার অনুমোদিত দরে কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হোক।

চলমান পৃষ্ঠা-২২

(১০) সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৩২তম সভার কার্যবিবরণী অবহিত হওয়া গেল। উক্ত কার্যবিবরণীর আলোচ্যসূচী নম্বর ২, ৩, ৪, ৫, ৬, ৭ এবং ১৬ এর সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

(১১) বিস্তারিত আলোচনান্তে ৫৭,৯৫,২০৬/- (সাতান্ন লক্ষ পঁচানব্বই হাজার দুইশত ছয়) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য মূল্যানুমানটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

(ঝ) অনুমোদন করা হলো।

(ঞ) অবলোকন করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

( খোরশেদ আলম চৌধুরী )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল মোঃ সাইদুর রহমান, বিপি )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।